দৈনিক
ইনকিলাব

তারিখ ... 20 APR 2008 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৬ ...

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শি
# ক্যাডারদের তাণ্ডব : আহত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শ্রেণীকক্ষে, বসাকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবির ও সাধারণ শি
মধ্যে সংঘর্ষের তাণ্ডব ঘটেছে। এতে ১০ ছাত্র আহত হয়েছে। গুরুতর আহত
ন্যাশনাল মেডিকেল হাসপাতালসহ স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয়েছে। গতকাল
সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ৩য় বর্ষ এবং ৩য় সেমিস্টারে
মধ্যে এ সংঘর্ষ হয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল অর্থনীতি বিভাগের ৩য় ব
সেমিস্টারের ছাত্রদের সকাল ১১ টায় ৪০০৪ নং কক্ষে একই সময় ক্লাস ছিল। এ
বর্ষের ছাত্ররা শ্রেণী কক্ষ দখল নিতে গেলে তাদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘ
কলাভবন মাঠে ৩য় সেমিস্টারের ছাত্র কথিত শিবির ক্যাডাররা সংগঠিত হয়ে
সাধারণ ছাত্রদের উপর লাঠি ও ক্রিকেটের স্ট্যাম্প নিয়ে হামলা পৃ ৪৫

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিবির

*১২-এর পৃষ্ঠার পর*

চালায়। এতে ৩য় বর্ষের সাধারণ ছাত্র অভি, রাজীব, আকরাম, বাহার, সজীব ও ফারুক আহত হয়। ৩য় সেমিস্টারের ছাত্র সঞ্জীব ওরফে চুল্লা সজিব ও তার সহযোগী শিবির ক্যাডার সৌরভ, জাকির ও শাওনের নেতৃত্বের মাধ্যমে এ সংঘর্ষের তাণ্ডব ঘটেছে বলে আহতদের সহপাঠীরা জানায়। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ ঘটনায় ৩য় বর্ষের শিক্ষার্থীরা তাদের গতকালের সব ক্লাস বর্জন করে বিভাগের সামনে বিক্ষোভ করেছে। পরে তারা হামলাকারী সজিবসহ তার সহযোগী ৫ শিবির ক্যাডারের বহিস্কারের দাবীতে ভিসি বরাবর স্মারকলিপি দিয়েছে। সংঘর্ষের সময় অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক হাবীবুল্লাহ বাহার তার অফিসে উপস্থিত ছিলেন না। তবে ওই বিভাগের শিক্ষকরা ঘটনাটিকে দুঃখজনক অভিহিত করে বলেছেন চেয়ারম্যানের সঙ্গে কথা বলে এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কাজী আসাদুজ্জামান বলেছেন, বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা কমিটির বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।